সেপ্টেম্বর ২০১৫ ■ ভাদ্র-আশ্বিন ১৪২২ ■ জিলক্বদ-জিলহজ্ব ১৪৩৬ ■ বর্ষ ০৩ ■ সংখ্যা ০৭ ■

# এস ই এল বার্তা

www.sel.com.bd The Structural Engineers Ltd. এর মুখপত্র e-mail : info@sel.com.bd

### আল-কুরআনের বাণী



"যার পথ খরচের সম্বল আছে তার জন্যই আল্লাহ্‌র এ ঘরে হজ্ব সম্পাদন করা ফরয। বস্তুতঃ যারা এ নির্দেশ পালনে অস্বীকার করবে (তাদের জেনে রাখা উচিত যে,) নিশ্চয়ই আল্লাহ্ সমগ্র সৃষ্টি জগতের কারও মুখাপেক্ষী নন।"

– সূরা আল-ইমরান, আয়াত ৯৭

### আল-হাদীসের বাণী



হযরত আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে ভাষণ দিতে গিয়ে বলেছেন– "আল্লাহ্ তা'য়ালা তোমাদের উপর হজ্ব ফরয করেছেন। সুতরাং তোমরা অবশ্যই হজ্ব পালন করবে।"

- মুসলিম শরীফ

### মণীষির বাণী

"যাহা তুমি পৃথিবীতে রাখিয়া যাইবে উহা তোমার সম্পত্তি নহে; বরং যাহা তুমি আল্লাহ্‌র সন্তোষ লাভের জন্য ব্যয় করিবে উহাই তোমার প্রকৃত সম্পত্তি।"

– কুতুবুল এরশাদ হযরত মৌলভী সূফী হাবিবুর রহমান (রাঃ)

### শুভেচ্ছা

এস.ই.এল. পরিবারের সকল সদস্য, সম্মানিত ল্যান্ডওনার, গ্রাহক, ঠিকাদার, সরবরাহকারী, শুভাকাঙ্ক্ষী, শুভানুধ্যায়ি ও সর্বস্তরের শ্রমিক সকলকে জানাই পবিত্র ঈদ-উল-আযহা'র শুভেচ্ছা।

- এস.ই.এল. বার্তা

### মধ্যবিত্তদের স্বপ্নের আবাসন

# এস.ই.এল. প্রশান্তি মিরপুর

**এস.ই.এল. বার্তা ডেস্ক ঃ** বসবাসের জন্য সুন্দর একটি বাসস্থান সকলেরই পছন্দ। কিন্তু ক'জনের এমন সাধ্য আছে! তাও আবার রাজধানী ঢাকা শহরে। ব্যস্ত নগরী ঢাকাতে দিন দিন জীবন-যাত্রার ব্যয়ভার বেড়েই চলছে। সেই সাথে বেড়ে চলছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রির দাম। দ্রব্য মূল্যের উর্ধ্বগতির বাজারে সাধারণ মানুষের বসবাস কষ্টসাধ্য হয়ে পড়ছে। এমনই বাস্তবতায় দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (এস.ই.এল.) মধ্যবিত্তদের কথা ভেবে নতুন উদ্যোগ হাতে নিয়েছে। রাজধানীর মিরপুরের পশ্চিম মনিপুরি পাড়ায় গড়ে তুলছে **"এস.ই.এল. প্রশান্তি মিরপুর"** নামে আবাসিক প্রকল্প। ১০ (দশ) তলা বিশিষ্ট আবাসিক ভবনটিতে রয়েছে চার ধরনের ফ্ল্যাট। দক্ষিণ-পূর্বমুখী টাইপ- 'এ' ফ্ল্যাটের আয়তন ৪৬১ বর্গফুট; দক্ষিণ-পশ্চিমমুখী টাইপ- 'বি' ফ্ল্যাটের আয়তন ৮৫৭ বর্গফুট; উত্তর-পশ্চিমমুখী টাইপ- 'সি' ফ্ল্যাটের আয়তন ৮৭৪ বর্গফুট এবং উত্তর-পূর্বমুখী টাইপ- 'ডি' ফ্ল্যাটের আয়তন ৮৭৫ বর্গফুট। প্রকল্পটিতে সর্বমোট ৩৩টি ফ্ল্যাট থাকবে।




প্রকল্পটিতে থাকবে অধিক ক্ষমতাসম্পন্ন জেনারেটর ও লিফ্‌ট এর ব্যবস্থা। প্রকল্পটির নিচ তলায় থাকবে কারপার্কিং, গার্ড রুম, কেয়ারটেকার রুম, ড্রাইভার সিটিং রুম, ইলেক্ট্রো-মেকানিক্যাল রুমসহ যাবতীয় আধুনিক সুযোগ-সুবিধা। প্রথম তলায় টাইপ-'এ' এর একটি ফ্ল্যাট ফ্ল্যাট ওনার্স সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত থাকবে। এ প্রকল্পে মাত্র ৪৫ লক্ষ টাকায় পাওয়া যাবে একটি ফ্ল্যাট।

প্রকল্পটি রাজউক অনুমোদিত। অনুমোদন নম্বর ঃ পরি জোন ৩/এ:এ:৩/১-সি ৪১৪/১৪/১২৫৯ স্থাঃ, তারিখ– ১৩/১০/২০১৪ইং। প্রকল্পটির ঠিকানা ঃ প্লট নং- ১৭৭, পশ্চিম মনিপুর, থানা- মিরপুর, জেলা- ঢাকা। যোগাযোগঃ এস.ই.এল. সেন্টার, ২৯, বীর উত্তম কাজী নুরউজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫, ফোন নম্বর ঃ ০২-৯১১৬৫৭২। ০১৮১৯-৫৫৮১৪১, ০১৮১৯-৫৫৮০৮৭। হট লাইন ঃ ০৯৬৬৬৭৭৩৩৪৪।

# প্রসঙ্গ ভূমিকম্প ঃ ভবনের উচ্চতা ও সঠিক প্রযুক্তি

বাসস্থান প্রতিটি মানুষের মৌলিক চাহিদাগুলোর মধ্যে একটি। তবে বাসস্থান বলতে কেবল ইট, সিমেন্ট, বালির একটি কাঠামো নয়, এর সাথে জড়িয়ে থাকে একটি পরিবারের সুখ-দুঃখ, আনন্দ-বেদনার অসংখ্য স্মৃতি। একটি সুন্দর ও নিরাপদ বাসস্থান প্রত্যেক মানুষেরই আকাঙ্ক্ষা। তবে নগরায়ণের তীব্র স্রোতে খোলামেলা জমিতে নিজের একটা বাড়ি, এমন একটি স্বপ্ন হয়তো ঢাকার মতো দ্রুত বর্ধনশীল শহরে একটু বেশিই হয়ে যায়। কিন্তু তাই বলে বর্তমান ঢাকার এ্যাপার্টমেন্ট সংস্কৃতিতে রাস্তার জন্য জায়গা না ছেড়ে গায়ে-গা ঘেঁষে গড়ে ওঠে বহুতল ইমারতের যে দমবন্ধ করা চিত্র দেখা যায় তা কোনোভাবেই কাম্য নয়। এ কেবল অপরিকল্পিত নগরায়ণেরই প্রতিচ্ছবি।



**ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক
দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড

বেশ কয়েক বছর হল ঢাকা শহর একটি মেগাসিটিতে রূপান্তরিত হয়েছে। তবে দুঃখজনক হলেও সত্য যে, টোকিও বা নিউইয়র্ক মেগাসিটির মতো পরিকল্পিতভাবে এই শহরটি গড়ে ওঠেনি। অপরিকল্পিত নগরায়ণের ফলে বহুমুখী সমস্যায় জর্জরিত আজ সমস্ত ঢাকা শহর। অপর্যাপ্ত আবাসন, ক্রমনিম্নগামী ভূ-গর্ভস্থ পানির স্তর, বিপর্যস্ত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, ব্যাপক দূষণ ও দুঃসহ ট্রাফিক জ্যাম– দীর্ঘদিন এসবের ভিতর থেকে ঢাকাবাসী নাগরিক সুযোগ-সুবিধাগুলো ভুলতে বসেছে। পরিকল্পনাহীন নগরায়ণের ফলে গড়ে ওঠা ইমারতসমূহ একদিকে যেমন ঢাকা-কে কংক্রিটের বস্তিতে পরিণত করেছে অন্যদিকে এই শহরে বসবাসকারীদের আলো, বাতাসবিহীন এক অস্বাস্থ্যকর পরিবেশে থাকতে বাধ্য করার পাশাপাশি প্রয়োজনের তুলনায় অপ্রতুল রাস্তাঘাট পুরো শহরকে এক ভয়াবহ যানযটের মধ্যে ঠেলে দিয়েছে। এসব অপ্রশস্ত রাস্তাঘাট কোথাও কোথাও এতটাই সরু যে গাড়িতো দূরের কথা রিক্সা চলাচলের উপযোগীও নয়। ফলে অগ্নিকাণ্ডের মতো দুর্ঘটনা ঘটলেও আমাদের কিছুই করার থাকবে না।

অপরদিকে দুর্ঘটনাজনিত কারণে ধসে পড়া কোনো ইমারত এর ধ্বংসাবশেষ সরানো এবং উদ্ধার তৎপরতায় আমাদের দেশের সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডিপার্টমেন্টের কারিগরী জ্ঞান, প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি কতটা পুরাতন এবং অপ্রতুল তার প্রমাণ আমরা পেয়েছি স্পেকট্রা গার্মেন্টস, ফিনিক্স ভবন ও সর্বশেষ রানা প্লাজা ধসে পড়া পরবর্তী উদ্ধার তৎপরতার সময়। এমনকি সেনাবাহিনীকে সম্পৃক্ত করা সত্ত্বেও উদ্ধারকাজ ছিল প্রয়োজনের তুলনায় অনেক মন্থর এবং অকার্যকর। আমাদের দেশের সাধারণ মানুষের মাঝে বহুতল ইমারতের ক্ষেত্রে ভূমিকম্পজনিত একটা ভীতি কাজ করে। কিন্তু বহুতল ভবনে ভূমিকম্পজনিত নিরাপত্তা যদি নিশ্চিত করা না যেত তবে চীন, জাপান, হংকংসহ পশ্চিমের যেসব দেশ তীব্র ভূমিকম্প অথবা সাইক্লোন এলাকার অন্তর্গত সেইসব দেশে ৭০/৮০ তলা বা তার চেয়েও উঁচু ভবন গড়ে উঠত না। গত কয়েক বছর যাবৎ ভূমিকম্প নিয়ে বেশ কিছু উল্লেখযোগ্য গবেষণা এবং লেখালেখি হচ্ছে। এ ব্যাপারে অগ্রণী ভূমিকা রাখছে বাংলাদেশ আর্থকোয়েক সোসাইটি। এছাড়াও বুয়েট এবং অন্যান্য সরকারি ও বেসরকারি কিছু বিশ্ববিদ্যালয় ভূমিকম্প বিষয়ক গবেষণা পরিচালনার পাশাপাশি সেমিনার আয়োজন করছে। একজন পুরকৌশলী এবং

[দ্বিতীয় পাতায় দেখুন]



## নতুন প্রকল্প চুক্তি স্বাক্ষর



গত মে ০৯, ২০১৫ইং তারিখে প্লট নং- ৪২/১, ৪২/২, মিরপুর রোড, নিউ মার্কেট, ঢাকায় নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত জুলাই ০৯, ২০১৫ইং তারিখে প্লট নং- ১৩, রোড নং- ০৭, ধানমন্ডি, ঢাকায় নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত জুলাই ২৩, ২০১৫ইং তারিখে প্লট নং- ৫৭০ ও ৫৭১, শেওড়াপাড়া, শামীম সরণি, কাফরুল, ঢাকায় নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## নতুন প্রকল্প উদ্বোধন ও মিলাদ



গত মে ২৪, ২০১৫ইং তারিখে হোল্ডিং নং- ৫৬, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকায় **"এস.ই.এল. পিয়ারা গার্ডেন"** নামক আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।



গত আগস্ট ১৯, ২০১৫ইং তারিখে প্লট নং- ১৩০৬, পূর্ব মনিপুর, মিরপুর, ঢাকায় **"এস.ই.এল. চৌধুরী দিনান্তিকা"** নামক আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা হয়। এ উপলক্ষে উক্ত প্রকল্পে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## প্রকল্প হস্তান্তর



গত মার্চ ১৮, ২০১৫ইং তারিখে প্লট নং- ক/৩৪, মহাখালী, তেজগাঁও, ঢাকায় **"এস.ই.এল. আফরোজা এ্যাজর"** নামক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর উপ-ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত এপ্রিল ১১, ২০১৫ইং তারিখে ৬৬, ফরাজীপাড়া রোড, খুলনা সদর, খুলনায় **"এস.ই.এল. চিত্রল"** নামক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত জুলাই ২৯, ২০১৫ইং তারিখে হোল্ডিং নং- ১৪৫, গ্রীণ রোড, তেজগাঁও, ঢাকায় **"এস.ই.এল. মুকুল ভিলা"** নামক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত আগস্ট ১১, ২০১৫ইং তারিখে প্লট নং- ১০/৮, ব্লক- এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকায় **"এস.ই.এল. ইসলাম হাইটস্"** নামক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# এস.ই.এল.
# গ্রাহকদের সাথে বন্ধুত্বের সম্পর্ক গড়ে তুলে

গোফরান ফারুক, ব্যবসায়ী

জনাব গোফরান ফারুক। জন্ম ১৯৫৬ সালের ৩০ নভেম্বরে। পড়াশোনার হাতেখড়ি রেসেডেন্সিয়াল মডেল স্কুল এ্যান্ড কলেজ এর মাধ্যমে। এরপর ঢাকাতে গ্রাজুয়েশন শেষ করে আমেরিকান এক্সপ্রেস ব্যাংক-এ "চীফ অপারেটর অফিসার" হিসেবে কর্ম জীবন শুরু করেন। কিছুদিন চাকুরী করার পর নিজ উদ্যোগে ব্যবসা শুরু করেন। বর্তমানে তিনি ম্যানেজমেন্ট কনসালটেন্সি ফার্ম "ই-জোন" এর ব্যবস্থাপনা পরিচালক। তিনি গ্রীণ রোডস্থ **"কৃত্তিকা"** প্রজেক্ট এর সম্মানিত ল্যান্ডওনার। তার সাথে এস.ই.এল. এর বিভিন্ন কার্যক্রম নিয়ে কথা বলেছেন - **আমানুল্লাহ নোমান**

## কথায় কথায়



*গোফরান ফারুক*
*সম্মানিত ল্যান্ডওনার*
*এস.ই.এল. কৃত্তিকা*

**এস.ই.এল. বার্তা :** এস.ই.এল. এর সাথে আপনার পরিচয় কীভাবে হয়?

**গোফরান ফারুক :** আমার বড় ভাই তিনি জাতিসংঘের অধীনে ভিয়েনাতে চাকুরী করেন। তিনি দেশে ফিরে খোঁজ-খবর নিয়ে আমাদের জানালেন আমি ভালো ডেভেলপার খুঁজে পেয়েছি। দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ আব্দুল আউয়াল সাহেবের সাথে কথা হয়েছে। খুব ভালো মানুষ তিনি। এখন তোমরা যদি সম্মত হও তাহলে আমাদের জমি উন্নয়নের বিষয়ে তার সাথে আমরা কথা বলতে পারি। এভাবেই এস.ই. এল. এর সাথে আমাদের পরিচয়।

**এস.ই.এল. বার্তা :** ডেভেলপার হিসেবে এস.ই.এল-কে কেন পছন্দ করলেন?

**গোফরান ফারুক :** এস.ই.এল. ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল সাহেবের সাথে কথা বলে ভালো লেগেছে। আপনাদের ওখানে আরো একজন আছেন জনাব মোঃ শাহ্জাহান সাহেব, তার সাথে কথা বলেও ভালো লেগেছে। মূলতঃ এ ভালো লাগা থেকে এস.ই.এল.-কে পছন্দ করা। তাছাড়া আমাদের জমির খাজনাদির ব্যাপারে কিছু ঝামেলা ছিল। সে সব বিষয়ে এস.ই.এল. দায়িত্ব নিয়ে সমাধান করেছে। সব কিছু মিলিয়ে এস.ই.এল. এর সবার আচার-ব্যবহার খুব ভালো লেগেছে। তাই আমরা এস.ই.এল.-কে পছন্দ করেছি।

**এস.ই.এল. বার্তা :** আমাদের কমিটমেন্ট ও কোয়ালিটি সম্পর্কে কিছু বলুন?

**গোফরান ফারুক :** কোয়ালিটি খুব ভালো। আমরা খুবই খুশী। যারা ফ্ল্যাট কিনেছে তারাও খুশী। কমিটমেন্টও ভালো। যথাসময়ে কাজ শেষ করে গ্রাহকদের কাছে হস্তান্তর করে এস.ই.এল.।

**এস.ই.এল. বার্তা :** এস.ই.এল. এর কোন দিকটি আপনার কাছে সবচেয়ে বেশি ভালো লেগেছে?

**গোফরান ফারুক :** আমার দৃষ্টিতে আমি যতটুকু দেখেছি তাতে আমি যা বুঝি তা হলো– আমরা যারা ল্যান্ডওনার বা ফ্ল্যাটওনার আছি এস.ই.এল. কাউকে ছেড়ে দিতে চায় না। এস.ই.এল. সবার সাথে একটা রিলেসনশীপ তথা সম্পর্ক গড়ে তোলে। ফ্ল্যাট বিক্রি করে দিয়ে ভুলে গেলাম সেটা এস.ই.এল. করেনি। বরং এস.ই.এল. আফটার সেলস সার্ভিস দিয়ে যাচ্ছে। প্রতি বছর ক্যালেন্ডার, গিফ্টসহ নানা বিষয় পাঠিয়ে ল্যান্ডওনার ও ফ্ল্যাটওনারদের সাথে একটা বন্ধুত্বের সেতুবন্ধন তৈরী করেছে। সোজা কথা- এস.ই.এল. গ্রাহকদের সাথে বন্ধুত্বের সম্পর্ক গড়ে তোলে। এস.ই.এল. এর এদিকটা আমার সবচেয়ে বেশি ভালো লেগেছে।

**এস.ই.এল. বার্তা :** এস.ই.এল. এর জন্য কিছু পরামর্শ?


**গোফরান ফারুক :** ম্যানহোল এর কভারগুলো কংক্রিটের হলে অনেক ভালো হতো বলে আমার মনে হয়। এখন যা আছে তা গাড়ি চলাচলের কারণে দ্রুত ভেঙ্গে যায়। আপনাদের আফটার সেলস সার্ভিস এর ব্যবস্থা রয়েছে। কোন সমস্যা আছে কিনা, রঙের কাজ করাতে হবে কিনা, কোথাও কোন মেরামত করতে হবে কিনা ইত্যাদি বিষয় জানতে চেয়ে আপনারা আমাদের সব সময় চিঠি দিয়ে আসছেন। আপনাদের সার্ভিসে আমরা খুব সন্তুষ্ট। তাই আপনারা এ ব্যাপারটি সরেজমিনে দেখে ব্যবস্থা নিলে ভালো হতো। এস.ই.এল. আমাদের ভালো সেবা দিয়েছে; এখনো দিয়ে যাচ্ছে, আশা করি ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে। পরিশেষে এস.ই.এল. এর মঙ্গল কামনা করছি।


# SEL Auditorium

**SEL Centre,** 29, West Panthapath, Dhaka-1205

- Seminar
- Workshop
- AGM
- EGM
- Conference
- Press Conference
- Meeting
- Training
- Ifter Party
- Cultural Prog.
- Product Launching

FOR RENT


## প্রশিক্ষণ

## "Concept of TQM" এর উপর প্রশিক্ষণ কর্মশালা



গত ১৩-১৪ ও ২০-২১ জুন, ২০১৫ইং তারিখে 'দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (SEL)' পরিবারের সদস্যদের নিজ নিজ কর্মক্ষেত্রে Quality চর্চায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Cocept of TQM' এর উপর দুই ধাপে দুই দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে এস.ই.এল. এর বিভিন্ন পদবীর সর্বমোট ৭২ (বাহাত্তর) জন কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। উপরের ছবিগুলো এরই কিছু খন্ডচিত্র।

## কোয়ালিটি চর্চা




সম্প্রতি Bangladesh Society for Total Quality Management (BSTQM) এর ব্যবস্থাপনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয় 19th National Annual Quality Convention-2015। KAIZEN এর মাধ্যমে Quality বৃদ্ধি করে নির্মাণের ক্ষেত্রে honey-comb হ্রাসকরণ প্রক্রিয়ায় দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (SEL) এর **'মেঘনা'** Quality Circle প্রথম স্থান অর্জন করে। 'মেঘনা' সার্কেল এর সহায়ক জনাব মোঃ শহিদুল ইসলাম, সিনিয়র প্রজেক্ট ইঞ্জিনিয়ার-সহ অন্যান্য সদস্যগণ পুরস্কার গ্রহণ করেন।

## শোক সংবাদ



আমাদের **SEL** পরিবারের সদস্য জনাব জিয়া উদ্দীন আবুল খায়ের, সিনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) গত আগস্ট ১৭, ২০১৫ইং রোজ সোমবার সন্ধ্যা ৭:০০ ঘটিকায় হার্ট এ্যাটাকে আক্রান্ত হয়ে নিজ বাড়ী গোপালগঞ্জে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৩৮ বছর।

আমরা তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত। **SEL** পরিবারের পক্ষ থেকে মহান আল্লাহর নিকট তাঁর রুহের মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি। মহান আল্লাহ্পাক আমাদের সকলের সহায় হোন।

**SEL পরিবারের সকল সদস্যবৃন্দ**

**দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ** এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, ইঞ্জি. মো. আব্দুল আউয়াল, ২৯, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ কর্তৃক প্রকাশিত এবং আমানুল্লাহ নোমান কর্তৃক সম্পাদিত। ফোন : ৯১১৬৫৭২, ০১৮১৯-৫৫৮১৪১